# গোদাগাড়ী উপজেলা পরিষদের অক্টোবর/২০২১ মাসে অনুষ্ঠিত ২৭তম সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | মোঃ জাহাঙ্গীর আলম<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>গোদাগাড়ী, রাজশাহী |
| সভার তারিখ ও সময় | ঃ | ১৪ অক্টোবর ২০২১, বেলা-১২.০০ ঘটিকা |
| সভার স্থান | ঃ | উপজেলা পরিষদ মিলনায়তন, গোদাগাড়ী, রাজশাহী |

সভায় উপস্থিত সদস্য, প্রতিনিধি ও অনুপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট- 'ক', 'খ' ও 'গ' - তে সন্নিবেশিত

সভায় উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভায় নিম্ন-বর্ণিত বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

০১.০ **পূর্ববর্তী সভার কার্যবিবরণী পঠন ও অনুমোদন ঃ**

সভাপতির অনুমতিক্রমে পূর্ববর্তী সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয়। গত সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হলো।

০২.০ **উপজেলা পরিষদ সংক্রান্ত আলোচনা ঃ**

| ক্রঃ নং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ক. | উপজেলা পরিষদ | সভার শুরুতেই সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। এছাড়া তিনি করোনা ভাইরাস হতে সমগ্র গোদাগাড়ী উপজেলা বাসীকে সচেতন থাকার আহবান জানান এবং এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। | করোনা ভাইরাস হতে পরিত্রাণ পাওয়ার লক্ষ্যে সরকার কর্তৃক জারিকৃত নির্দেশনাবলী যথাযথভাবে অনুসরণ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। | সংশ্লিষ্ট সকল |
| খ. | উপজেলার ১৭টি কমিটির সভা সংক্রান্ত আলোচনা | উপজেলা নির্বাহী অফিসার, গোদাগাড়ী, রাজশাহী সভায় জানান যে উপজেলা পরিষদের ১৭টি কমিটি রয়েছে। কমিটি গুলোর সভা নিয়মিতভাবে আয়োজন করার জন্য ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাই চেয়ারম্যানকে অনুরোধ জানান। | উপজেলা পরিষদের ১৭টি কমিটির সভা নিয়মিতভাবে আয়োজন করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। | (১) ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোদাগাড়ী, রাজশাহী (২) সংশ্লিষ্ট দপ্তর প্রধান গোদাগাড়ী, রাজশাহী |

০৩.০ **বিভাগভিত্তিক আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ ঃ** সভায় নিম্নোক্ত বিভাগ ভিত্তিক আলোচনা উপস্থাপিত হয়। সভাপতি এসডিজি ২০৩০ বাস্তবায়নে ১৭ টি লক্ষ্য অর্জনের ক্ষেত্রে প্রত্যেক বিভাগের জন্য প্রযোজ্য লক্ষ্য নির্ধারণ এবং তা অর্জনের বিষয়ে কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করেন। অতঃপর সভায় উপস্থিত বিভাগীয় প্রধানগণ কর্তৃক নিজ নিজ বিভাগের কার্যক্রম সম্পর্কে সভায় উপস্থাপিত তথ্যাদি ও সিদ্ধান্ত নিম্নরূপ ঃ

| ক্রমিক | বিভাগ | আলোচনা | এসডিজি এর লক্ষ্যমাত্রা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|---|
| ৩.১ | স্বাস্থ্য বিভাগ গোদাগাড়ী, রাজশাহী | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, গোদাগাড়ী, রাজশাহী সভায় জানান যে, সেপ্টেম্বর/২০২১ মাসে আউট ডোরে সেবাপ্রাপ্ত রোগীর সংখ্যা-৮২৫৮ জন, ভর্তি রোগীর সংখ্যা-৪৭৫ জন, ইমারজেন্সীতে সেবাপ্রাপ্ত রোগীর সংখ্যা-৭৮০ জন, বেড অকোপেন্সি রেট ১৩৩.৮৫, যক্ষা রোগী-২৭ জন, কুষ্ঠ রোগী- ০০ জন, কালাজ্বর-০০, ল্যাব টেস্ট-১৬৩, স্বাভাবিক ডেলিভারি-২৮ জন, জরায়ু মুখ ক্যান্সার পরীক্ষা-৪০ জন, ANC সেবাপ্রাপ্ত রোগীর সংখ্যা-১৯৬ জন, PNC সেবাপ্রাপ্ত রোগীর সংখ্যা-৫৭ জন, ইসিজি সেবাপ্রাপ্ত রোগীর- ২৪ জন, এক্স-রে সেবাপ্রাপ্ত রোগীর সংখ্যা-৬২ জন, টিকা প্রাপ্ত শিশু-৬৫১ জন, ৩৪টি সিসিতে সেবাপ্রাপ্ত রোগীর সংখ্যা-৩৪৪৮৫ জন, IMCI কর্ণারে সেবাপ্রাপ্ত রোগীর সংখ্যা-৪২৪ জন, আউটডোরে-৮২৫৮ জনকে ঔষধ ও সেবা প্রদান করা হয়েছে। নভেল করোনা ভাইরাসের ৯৪টি স্যাম্পল পরীক্ষা করে নেগেটিভ ৪৮টি এবং পজিটিভ ৪৮ রোগী পাওয়া গেছে। | ৩ নম্বর | হাসপাতালের স্বাস্থ্য সেবার মান বৃদ্ধি করাসহ নভেল করোনা ভাইরাস প্রতিরোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং নভেল করোনা ভাইরাসের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, গোদাগাড়ী, রাজশাহী |

| ক্রমিক | বিভাগ | আলোচনা | এসডিজি এর লক্ষ্যমাত্রা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|---|
| | | এছাড়াও অন্যান্য দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। | | | |
| ৩.২ | প্রাণিসম্পদ বিভাগ গোদাগাড়ী, রাজশাহী | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, গোদাগাড়ী, রাজশাহী সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রমের মধ্যে গবাদিপশু ও হাঁসমুরগীর টিকা প্রদান, চিকিৎসা প্রদান ও বিভাগীয় অন্যান্য কার্যক্রমের পাশাপাশি প্রকল্পের কার্যক্রম অব্যাহত রয়েছে। তিনি সভাকে আরো অবহিত করেন যে, আধুনিক পদ্ধতিতে গরু হৃষ্টপুষ্টকরণ প্রকল্পের আওতায় এই উপজেলায় চলতি অর্থ বছরে ১২৫ জন খামারীকে তিন দিনের প্রশিক্ষণ প্রদান করা হবে। সমতল ভূমিতে বসবাসরত অনগ্রসর ক্ষুদ্র নৃ-গোষ্ঠির আর্থ-সামাজিক ও জীবন মানোন্নয়নে লক্ষ্যে সমন্বিত প্রানিসম্পদ উন্নয়ন প্রকল্পের আওতায় দ্বিতীয় দফায় ক্ষুদ্র নৃ-গোষ্ঠিদের মাঝে বিতরণের জন্য ১৩০টি ক্রস জাতের বকনা গরুর সংস্থান রয়েছে। এজন্য চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, গোদাগাড়ীসহ সংশ্লিষ্ট সকল সদস্য এবং ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান মহোদয়গণের সর্বাত্মক সহযোগিতার প্রয়োজন। এ লক্ষ্যে সকল ইউপি চেয়ারম্যানগণকে ইউনিয়ন ভিত্তিক বিভাজন অনুযায়ী তালিকা প্রদানের জন্য অনুরোধ করেন। তাছাড়াও গবাদিপশু ও হাঁস-মুরগির যে কোন ধরনের সমস্যা দেখা দিলে তাৎক্ষণিকভাবে এ দপ্তরকে অবহিত করার জন্য অনুরোধ করেন। এছাড়াও বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে মর্মে তিনি সভাকে অবহিত করেন। | ২ নম্বর | গবাদি পশু ও হাঁস-মুরগির কোন অস্বাভাবিক রোগের সংবাদ পাওয়া মাত্রই উপজেলা প্রাণিসম্পদ দপ্তরকে অবহিতকরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, গোদাগাড়ী |
| ৩.৩ | কৃষি বিভাগ, গোদাগাড়ী, রাজশাহী | উপজেলা কৃষি অফিসার, গোদাগাড়ী, রাজশাহী সভায় জানান যে, চলতি মাসে ৪৫০০ হেক্টর জমিতে রবি শাক-সবজি ও মরিচ রোপন করা হয়েছে। তাছাড়া ১১৫০ হেক্টর জমিতে মাসকলাই বপন সম্পন্ন হয়েছে। রবি মৌসুমের টমেটোসহ বিভিন্ন ধরনের আগাম শাকসবজি আবাদ চলমান রয়েছে এবং পেঁয়াজ ও সরিষা বপন শুরু হয়েছে। কৃষক পর্যায়ে বিভিন্ন ফসলের রোগ বালাই, মাটির স্বাস্থ্য রক্ষার্থে খামারজাত সার ও ভার্মি কম্পোষ্ট উৎপাদন এবং বিপিএইচ (কারেন্ট পোকা) প্রতিরোধে বিষয়ে আলোক ফাদ স্থাপন, ব্যক্তিগত যোগাযোগ ও দলীয় আলোচনার মাধ্যমে চাষীদের বিভিন্ন পরামর্শ প্রদান করা হচ্ছে। আগাম রবি টমেটো ও শাক সবজি চাষে জমি তৈরী, সুষম সার প্রয়োগ এবং চারা রোপনের পরামর্শ প্রদান করা হচ্ছে। কৃষক প্রশিক্ষণ কাজুবাদাম ও কফি গবেষনা, উন্নয়ন ও সম্প্রসারণ প্রকল্পের আওতায় ৯০ জন কৃষককে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। তাছাড়া খরিফ/২০২১-২২ মৌসুমে গ্রীস্মকালীন পেঁয়াজ ও নাবী পাট চাষে প্রনোদনা কর্মসূচীর ২৩০ জন কৃষককে প্রশিক্ষণ প্রদান করা হবে। খামার যান্ত্রিকীকরন প্রকল্পের আওতায় যন্ত্রপাতি সংরক্ষনাগার উপজেলা পরিষদ চত্বরে নির্মান করা হবে। এছাড়াও দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ২ নম্বর | কৃষকদের সকল সহযোগিতা প্রদানসহ ফসলের চাষাবাদে আগ্রহ সৃষ্টি, রাসায়নিক সার ও কীটনাশক ঔষধের ঘাটতি রোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা কৃষি অফিসার, গোদাগাড়ী রাজশাহী |
| ৩.৪ | উপজেলা মৎস্য বিভাগ, গোদাগাড়ী, রাজশাহী | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, গোদাগাড়ী, রাজশাহী সভায় জানান যে, মাঠ পর্যায়ে মৎস্য চাষীদের পরামর্শ প্রদানের কাজ চলমান রয়েছে। মৎস্য খাদ্য ও পশু খাদ্য আইন ২০১০ অনুযায়ী মৎস্য খাদ্যের লাইসেন্স নবায়ন কার্যক্রম চলমান রয়েছে। এছাড়াও মৎস্য সংরক্ষণ আইন বাস্তবায়ন করা ছাড়াও মৎস্য দপ্তরের মাধ্যমে মাছ বাজার অভিযান, মৎস্য সংশ্লিষ্ট আইন বাস্তবায়ন, মৎস্য চাষীকে পরামর্শ প্রদান এবং নিয়মিত পুকুর পরিদর্শন ও পরামর্শ প্রদান করা হচ্ছে। কোভিড-১৯ মহামারীতে চলমান বিধি-নিষেধে যেন মাছের আড়ৎ, মাছের খাদ্যের দোকান, মাছ পরিবহন ও বাজারজাতকরণ যাতে বন্ধ না থাকে সেজন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। এছাড়াও ০৪ সেপ্টেম্বর ২০২১ হতে ইলিশ সংরক্ষণ অভিযান ও মোবাইল কোর্ট পরিচালনা কার্যক্রম চলমান রয়েছে এবং ২৫ সেপ্টেম্বর পর্যন্ত চলমান থাকবে। এছাড়াও মৎস্য বিভাগের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন হচ্ছে। | ১,২,১৩ ও ১৪ নম্বর | মাছের বাজারে নিয়মিতভাবে অভিযান পরিচালনা, মৎস্য সংশ্লিষ্ট আইন বাস্তবায়ন, মৎস্য চাষীদেরকে পরামর্শ প্রদান,মৎস্য বাজারে আগত জনসাধারণ যেন স্বাস্থ্যবিধি মেনে মাস্ক পরিধান করে বাজারে প্রবেশ করেন,সে বিষয়টি মনিটরিংয়ের সিদ্ধান্ত গৃহীত হলো। | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, গোদাগাড়ী, রাজশাহী |
| ৩.৫ | উপজেলা শিক্ষা অফিস, গোদাগাড়ী, রাজশাহী | উপজেলা শিক্ষা অফিসার (ভারপ্রাপ্ত), গোদাগাড়ী, রাজশাহী সভায় জানান যে, ১৬৫টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের বঙ্গবন্ধুর জন্মশত বার্ষিকী উপলক্ষে Google Meet সেমিনার এর মাধ্যমে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা কর্তৃক বিভিন্ন সময়ে গৃহিত যুগান্তকারী ও ঐতিহাসিক কর্মসূচীর আলোকে উপজেলা পর্যায়ে ২৯/০৯/২০২১ তারিখে সেমিনার অনুষ্ঠিত হয়েছে। গত ১২/০৯/২০২১ তারিখ থেকে বিদ্যালয় খোলা হয়েছে ও Accelerated Lesson Plan অনুযায়ী পাঠদান পরিচালনা করা হচ্ছে। ২০২১ সালের ৫ম শ্রেণির সকল শিক্ষার্থীদের ডিআর (ডেসক্রিবটিভ রোল) এর কাজ কেন্দ্র ভিত্তিক প্রেরণ করা হয়েছে। ১৬৫টি সরকারি প্রাথমিক | ৪ নম্বর | শিক্ষা দপ্তরের যাবতীয় কার্যাদি সুষ্ঠুভাবে সম্পাদনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা শিক্ষা অফিসার, গোদাগাড়ী রাজশাহী |

| ক্রমিক | বিভাগ | আলোচনা | এসডিজি এর লক্ষ্যমাত্রা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|---|
| | | বিদ্যালয়ের প্রাথমিক শিক্ষার্থীদের ইউনিক আইডি প্রদান কার্যক্রমের ফরম পুরনের কাজ শুরু হয়েছে। বিদ্যালয় পর্যায়ে ভার্চুয়াল সভা চলমান রয়েছে। কোভিড-১৯ টিকাদান সক্রান্ত- ১৬৫টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রায় শতভাগ শিক্ষককে কোভিড-১৯ টিকাদান সম্পন্ন করা হয়েছে। ১৬৫টি সরকারী প্রাথমিক বিদ্যালয়ের ৯৩৩জন শিক্ষক পরিচিতি কার্ড প্রদানের কার্যক্রম চলমান রয়েছে। এছাড়াও তাঁর দপ্তরের অন্যান্য কাজ সুষ্ঠ ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। | | | |
| ৩.৬ | মাধ্যমিক শিক্ষা বিভাগ, গোদাগাড়ী, রাজশাহী | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, গোদাগাড়ী, রাজশাহী সভায় জানান যে, উপজেলাধীন সকল মাদ্রাসা ও মাধ্যমিক পর্যায়ে ১২ হতে ১৭ বছর বয়সের সকল শিক্ষার্থীদের কোভিড-১৯ এর ভ্যাকসিন দেওয়ার লক্ষ্যে তালিকা সংগ্রহের কাজ চলমান রয়েছে। ধারাবাহিক মূল্যায়ন বাংলায় ৪০জন শিক্ষক/শিক্ষিকার প্রশিক্ষণের নিমিত্তে জেলা শিক্ষা অফিসে তালিকা প্রেরণ করা হয়েছে। শেখ রাসেল দিবস যথাযথভাবে উদযাপনের জন্য সকল মাধ্যমিক সমপর্যায়ের বিদ্যালয়ে পত্র দেওয়া হয়েছে। আগামী ২০ অক্টোবর ২০২১ তারিখে পবিত্র ঈদে মিলাদুন্নবী (সাঃ) যথাযোগ্য মর্যাদা ও ভাবগাম্ভীর্যের সাথে উদযাপন ও জাতীয় পতাকা উত্তলনের জন্য সকল প্রতিষ্ঠানকে পত্র দেওয়া হয়েছে। কোভিড-১৯ অতি মহামারির কারনে সমস্ত শিক্ষা প্রতিষ্ঠানের শ্রেণী কক্ষ ও বাথরুমসহ বিদ্যালয়ের আঙ্গিনা পরিষ্কার পরিষ্কার করার জন্য অত্র কার্যালয় হতে তাগিদ পত্র দেওয়া হয়েছে এবং সামাজিক দুরুত্ব বজায় রাখাসহ কোভিড-১৯ এর যাবতীয় নির্দেশনাবলী পালন সাপেক্ষে প্রতিষ্ঠানের ক্লাশ চলমান রয়েছে। এছাড়াও দাপ্তরিক সকল কার্যাদি সুষ্ঠ ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। | ৪ নম্বর | মাধ্যমিক শিক্ষা দপ্তরের সকল কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, গোদাগাড়ী, রাজশাহী |
| ৩.৭ | মহিলা বিষয়ক অধিদপ্তর, গোদাগাড়ী, রাজশাহী | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, গোদাগাড়ী, রাজশাহী সভায় জানান যে, ২০২১-২২ ভিজিডি চক্রের সেপ্টেম্বর/২০২১ মাসের পুষ্টি চালের অর্পনাদেশ প্রদান করা হয়েছে এবং বিতরণ সম্পন্ন হয়েছে। কাবিউস চুক্তিবদ্ধ এনজিও কর্তৃক উপকারভোগীদের জীবন দক্ষতা ও আয়বর্ধক প্রশিক্ষণ চলছে। মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় ৯টি ইউনিয়ন ও ২টি পৌরসভার সেপ্টেম্বর/২০২১ মাসে ১৯৭ জনের সুবিধাভোগী চুড়ান্তভাবে নির্বাচন করা হয়েছে। এ পর্যন্ত চুড়ান্তভাবে নির্বাচিত সর্বমোট ৭৯৩৯ জন এবং আগস্ট ২০২১ পর্যন্ত পে-রোল করা হয়েছে ৭,২৮৭ জন। নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ ও মানব পাচার প্রতিরোধ কমিটির সভা করা হয় এবং উপজেলা কমিটিতে অভিযোগ আসলে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। কার্যক্রমের মহিলাদের আত্মকর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ কার্যক্রম সেপ্টেম্বর/২০২১ মাসে ক্ষুদ্র ঋণ আদায়ের হার ৮২% উপজেলা পর্যায়ে মহিলাদের আয়বর্ধক প্রশিক্ষণ প্রকল্পের ১২তম ব্যাচের ট্রেইলারিং ও বিউটিফিকেশন প্রশিক্ষণ কোর্সে ২৫ জন করে মোট ৫০জন প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ কার্যক্রম ১৫/০৯/২০২১ তারিখ হতে শুরু হয়েছে। কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের কার্যক্রম ১৯/০৮/২০২১ তারিখ হতে শুরু হয়েছে। বাল্যবিবাহ, যৌতুক, যৌন হয়রানী ও মানব পাচার প্রতিরোধের লক্ষ্যে জনসচেতনতা সৃষ্টির জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হয়। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা কর্তৃক আগস্ট/২০২১ মাসে উঠান বৈঠক করা হয়েছে ০৩টি । এছাড়াও অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। | ১,২ও ৫ নম্বর | মহিলা বিষয়ক অধিদপ্তরের যাবতীয় কার্যাদি সুষ্ঠুভাবে সম্পাদনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হলো। | (১) উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, গোদাগাড়ী, রাজশাহী<br>(২) চেয়ারম্যান সংশ্লিষ্ট ইউপি |
| ৩.৮ | পরিবার পরিকল্পনা বিভাগ, গোদাগাড়ী, রাজশাহী | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, গোদাগাড়ী, রাজশাহী সভায় জানান যে, সেপ্টেম্বর/২০২১ পর্যন্ত গোদাগাড়ী উপজেলায় সর্বমোট সক্ষম দম্পতির সংখ্যা ৭৩৫৬১ জন এবং উপজেলার জন্ম নিয়ন্ত্রণ পদ্ধতি গ্রহণকারী ৬০৭৭২ জন এবং পদ্ধতি গ্রহণকারীর হার (সি.এ.আর.) ৮২.৬১%। সেপ্টেম্বর/২০২১ মাসে গোদাগাড়ী উপজেলায় পরিবার পরিকল্পনা কার্যক্রমের বিতরণ ও সম্পাদন বিষয়ক প্রতিবেদন নিম্নরূপ:<br>খাবার বড়ি-১৯৬১০ চক্র, কনডম-৪০২৩৭ পিস, ইনজেকটেবল-২৫৩৬ ভায়াল, স্থায়ী পদ্ধতি-৩৯ জন, ই.সি.পি-৯, কপারটি-০৬, ইমপ্ল্যান্ট-৫৩জন, স্বাভাবিক প্রসব-১৫৪ জন এবং সিজার-৮০ জন। আশ্রয়ণ/আবাসনসহ উপজেলার সকল ইউনিয়নের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। পরিবার পরিকল্পনা অধিদপ্তরে কল সেন্টার "সুখি পরিবার" (১৬৭৬৭) চালু করে সার্বক্ষণিক (২৪ ঘন্টা/৭দিন) মা-শিশু স্বাস্থ্য প্রজনন স্বাস্থ্য, কৈশোরকালীন স্বাস্থ্যসেবা সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য ও পরামর্শ প্রদান করা হচ্ছে। এছাড়াও অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। | ৩ নম্বর | পরিবার পরিকল্পনা বিভাগীয় বিভিন্ন ধরনের সেবা কার্যক্রমে সহযোগিতা প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, গোদাগাড়ী, রাজশাহী |
| ৩.৯ | স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, গোদাগাড়ী, রাজশাহী | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, গোদাগাড়ী, রাজশাহী সভায় জানান যে, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোদাগাড়ী, রাজশাহীর নতুন বাস ভবন নির্মাণ কাজ প্রায় শেষ পর্যায়ে। চেয়ারম্যানের বাস ভবনের নিরাপত্তার জন্য বাউন্ডারি ওয়াল এবং বাস ভবনের বসবাসের জন্য আসবাবপত্র ক্রয়ের একটি প্রাক্কলন সভায় উপস্থাপন করেন যার প্রাক্কলিত মূল্য সর্বমোট ২০,৭৪,৮৩৪/-(বিশ লক্ষ চুয়াত্তর হাজার আটশত চৌত্রিশ) টাকা। দাখিলকৃত প্রাক্কলন সভায় অনুমোদনসহ উর্দ্ধতন কর্তৃপক্ষের অনুমোদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, এলজিইডি, গোদাগাড়ী, রাজশাহী সভায় অনুরোধ জানান। এছাড়াও তিনি আরো জানান যে, গুনিগ্রাম মাধ্যমিক বিদ্যালয়ের শ্রেণীকক্ষ নির্মাণ কাজটি ঠিকাদারী প্রতিষ্ঠান "মেসার্স সোনিয়া এন্টারপ্রাইজ" কর্তৃক | ১,২,৮, ৯ ও ১১ নম্বর | (১) ২০২১-২০২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি এডিপির বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে চেয়ারম্যানের বাস ভবনের নিরাপত্তার জন্য বাউন্ডারি ওয়াল এবং বাস ভবনের বসবাসের জন্য আসবাবপত্র ক্রয়ের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত | (১) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোদাগাড়ী, রাজশাহী<br>(২) উপজেলা নির্বাহী অফিসার, গোদাগাড়ী, রাজশাহী |

| ক্রমিক | বিভাগ | আলোচনা | এসডিজি এর লক্ষ্যমাত্রা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|---|
| | | দরপত্রের ড্রইং, ডিজাইন এবং স্পেসিফিকেশন মোতাবেক সঠিকভাবে কাজ সম্পন্ন হওয়ায় ৩০,১৫,৯০০/- টাকা প্রদান করা প্রয়োজন। কাজের গুনগতমান সন্তোষজনক। কাজের আইডি নং- INF-2018-2019-508134-01 এবং মাটিকাটা আদর্শ ডিগ্রী কলেজে একটি শ্রেণীকক্ষ নির্মাণ কাজটি ঠিকাদারী প্রতিষ্ঠান “মেসার্স আজিজুল ট্রেডার্স” কর্তৃক দরপত্রের ড্রইং, ডিজাইন এবং স্পেসিফিকেশন মোতাবেক সঠিকভাবে কাজ সম্পন্ন হওয়ায় ৯,৯৫,৩২২/- টাকা প্রদান করা প্রয়োজন। কাজের গুনগতমান সন্তোষজনক। কাজের আইডি নং-INF-2018-2019-508134-02। এছাড়াও তাঁর দপ্তরের সকল কাজ সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে মর্মে তিনি সভাকে অবহিত করেন। | | হলো। (২) “মেসার্স সোনিয়া এন্টারপ্রাইজ” কে উক্ত কাজের দরুন ৩০,১৫,৯০০/- টাকা এবং “মেসার্স আজিজুল ট্রেডার্স” কে ৯,৯৫,৩২২/- টাকা বিল প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। | (৩) উপজেলা প্রকৌশলী, এলজিইডি, গোদাগাড়ী, রাজশাহী |
| ৩.১০ | যুব উন্নয়ন বিভাগ, গোদাগাড়ী, রাজশাহী | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, গোদাগাড়ী, রাজশাহী সভায় জানান যে, (ক) ঋণ কর্মসূচি (গ্রুপ) পরিবার ভিত্তিক কর্মসংস্থান কর্মসূচী- অক্টোবর/২০২১ মাসে ঋণ বিতরণ হয়নি। ক্রমপুঞ্জিত বিতরণ- ৫,৯২,৫৬,০০০/- টাকা, চলতি মাসে আদায়যোগ্য- ৪৮,০০০/- টাকা, চলতি মাসে আদায়কৃত- ৪৮,০০০/- টাকা, আদায়ের হার- ১০০%। চলতি বছরে আদায়যোগ্য- ৭৬,৪০০/- টাকা, চলতি বছরে আদায়কৃত- ৭৬,৪০০/- টাকা, আদায়ের হার- ১০০/-, ক্রমপুঞ্জিত আদায়যোগ্য- ৫,৮৯,৫৮,৪০০/- টাকা, ক্রমপুঞ্জিত আদায়কৃত- ৫,৭৬,৭২,৮৯৫/- টাকা, আদায়ের হার- ৯৮%। চলতি মাসে খেলাপী আদায়ের পরিমান ৭,৯০০/- টাকা। মাস শেষে মেয়াদোত্তীর্ণ ঋণের পরিমান- ১২,২৬,৮০৫/- টাকা। (খ) ঋণ কর্মসূচী (আত্মকর্মসংস্থান)- চলতি মাসে বিতরণ ১,৮০,০০০/- টাকা, চলতি বছরে বিতরণ- ৮,৪০,০০০/- টাকা, ক্রমপুঞ্জিত বিতরণ- ৩,৭১,১৪,০০০/- টাকা, চলতি মাসের আদায়যোগ্য- ২,৮৪,৪৯৫/- টাকা, চলতি মাসের আদায়কৃত ২,৫৩,১০৫/- টাকা, আদায়ের হার- ৮৯%, চলতি বছরে আদায়যোগ্য- ৮,২২,০২০/- টাকা, চলতি বছরে আদায়কৃত- ৫,৬৪,৪৪০/- টাকা, আদায়ের হার- ৭৯%, ক্রমপুঞ্জিত আদায়যোগ্য- ৩,৩৬,২৫,৩৩১/- টাকা, ক্রমপুঞ্জিত আদায়কৃত ৩,১৬,৫৩,১৬১/- টাকা, আদায়ের হার- ৯৫%, চলতি মাসে খেলাপী আদায়ের পরিমান ৮,৩০০/- টাকা । মাস শেষে মেয়াদোত্তীর্ণ ঋণের পরিমাণ- ৮,১৮,৮/২৫/- টাকা, (গ) অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ কর্মসূচী- চলতি ২০২১-২০২২ অর্থ বছরের প্রশিক্ষণের লক্ষ্যমাত্রা ১৫টি ব্যাচে ৪৫০ জন, চলতি মাসে একটি ব্যচে ৩০ জন কে ৭দিন ব্যাপী গরু মোটাতাজা করণ বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। চলতি বছরে একটি ব্যচে ৩০জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ক্রমপুঞ্জিত প্রশিক্ষণ ৯,০২৯ জন। এছাড়াও তাঁর দপ্তরের অন্যান্য কাজ সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। | ১ নম্বর | গৃহীত কর্মসূচিতে যেন কোন অনিয়ম পরিলক্ষিত না হয়, সে বিষয়ে সতর্কতা অবলম্বনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, গোদাগাড়ী, রাজশাহী |
| ৩.১১ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ, গোদাগাড়ী, রাজশাহী | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, গোদাগাড়ী, রাজশাহী সভায় জানান যে, ২০২১-২০২২ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা/কাবিটা) কর্মসূচির আওতায় সাধারণ (উপজেলা পরিষদ ওয়ারী) -১ম পর্যায়ে বরাদ্দ ৪৭,৯৮,৭৯৮.৫৩/- টাকা, চাল ১০১.৫৪ মে:টন:, গম ১০১.৫৪ মে:টন: বরাদ্দ পাওয়া গেছে। নির্বাচনী ১ম পর্যায়ে বরাদ্দ ৪৩,১২,৫০০/- টাকার বিপরীতে-১০টি, চাল- ৯৬ মে:টন: এর বিপরীতে০৬টি এবং গম- ৯৬ মে:টন: এর বিপরীতে ০৬টি প্রকল্পের অনুমোদন পাওয়া গেছে। উপজেলা পরিষদ ওয়ারী ১ম পর্যায়ে টি,আর উন্নয়ন বরাদ্দ ২৫,৫৩,৬৪৬/- টাকা বরাদ্দ পাওয়া গেছে। গোদাগাড়ী পৌরসভা-১ম পর্যায়ে বরাদ্দ ২,৯৭,৫৮৫/৮৬ টাকার বিপরীতে ০৩টি প্রকল্পের অনুমোদন পাওয়া গেছে। কাঁকনহাট পৌরসভা-১ম পর্যায়ে বরাদ্দ ৩,৪৫,০১৪/৪৩ টাকা। এছাড়াও তাঁর দপ্তরের অন্যান্য কাজ সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। | ১,২,৯ ও ১১ নম্বর | তাঁর দপ্তরের সকল কার্যাদি সুষ্ঠুভাবে সম্পন্ন করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, গোদাগাড়ী, রাজশাহী |
| ৩.১২ | উপজেলা সমাজসেবা বিভাগ, গোদাগাড়ী, রাজশাহী | উপজেলা সমাজসেবা অফিসার, গোদাগাড়ী, রাজশাহী সভায় জানান যে, ২০২০-২০২১ অর্থ বছরে বয়স্ক, বিধবা ও প্রতিবন্ধী ভাতার ১ম কিস্তির জুলাই/২০২১ হতে সেপ্টেম্বর/২০২১ পর্যন্ত ০৩ মাসের বরাদ্দ পাওয়া গেছে এবং ভাতা বিতরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। ২০২০-২০২১ অর্থ বছরে শতভাগ বয়স্ক ও বিধবা ভাতার অনুকূলে পৌরসভা/ইউনিয়নের বরাদ্দ পাওয়া গেছে। এছাড়াও তাঁর দপ্তরের অন্যান্য কাজ সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। | ১ ও ২ নম্বর | তাঁর দপ্তরের প্রতিবন্ধী ভাতাভোগীর বিশেষ বরাদ্দসহ সকল কার্যাদি সুষ্ঠুভাবে সম্পন্ন করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, গোদাগাড়ী রাজশাহী |
| ৩.১৩ | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, গোদাগাড়ী, রাজশাহী | সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, গোদাগাড়ী, রাজশাহী সভায় জানান যে, ২০১৯-২০ অর্থ বছরে এনএনজিপিএস প্রকল্পের আওতায় ১৩টি বিদ্যালয়ে দ্বিতল বিশিষ্ট ওয়াশব্লক নির্মাণ বাবদ-১৯২.৬০ লক্ষ টাকার বিপরীতে কাজের অগ্রগতির হার-৯০%। বাংলাদেশের ২৩টি পৌরসভায় পানি সরবরাহ ও স্যানিটেশন প্রকল্প (জিওবি-আইডিবি) প্রকল্পের আওতায় গোদাগাড়ী পৌরসভায় সলিড ওয়েস্ট কম্পোজিট সিষ্টেম, স্লাস ট্রিটমেন্ট প্ল্যান্ট, প্রাইমারী ড্রেন, পাবলিক টয়লেট, কমিউনিটি টয়লেট, কমিউনাল বিন নির্মাণ কাজের বরাদ্দ ১৯৬১.০৫ লক্ষ টাকা, কাজের অগ্রগতির হার ৩৫%। ২০২০-২০২১ অর্থ বছরে পিইডিপি-৪ আওতায় ০৯টি প্রাথমিক বিদ্যালয়ে দ্বিতল বিশিষ্ট | ৬ নম্বর | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগীয় সকল প্রকল্পগুলোতে যথাযথভাবে বাস্তবায়নের বিষয়ে সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। | সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, গোদাগাড়ী, রাজশাহী |

| ক্রমিক | বিভাগ | আলোচনা | এসডিজি এর লক্ষ্যমাত্রা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|---|
| | | ওয়াশব্লক নির্মান বরাদ্দ ১৩৬.৩০ লক্ষ টাকা, কাজের অগ্রগতির হার ৫০%। ২০২০-২০২১ অর্থ বছরে রাজস্ব তহবিলের আওতায় মুজিব শতবর্ষ উপলক্ষ্যে ভূমিহীন ও গৃহহীন পরিবারের জন্য নির্মিত ঘরে ৬০টি পানির উৎস (সাবমারসিবল পাম্পযুক্ত নলকুপ) স্থাপনের বরাদ্দ ৫৯.০০ লক্ষ টাকা, কাজের অগ্রগতির হার-১০০%। ২০২১-২০২২ অর্থ বছরে সমগ্র দেশে নিরাপন পানি সরবরাহ প্রকল্পের আওতায় প্রতিটি ইউনিয়নের জন্য ২৬টি করে মোট ২৩৪টি সাবমারসিবল পাম্পযুক্ত নলকুপের বরাদ্দ ২৩২.৮০ লক্ষ টাকা, কাজের অগ্রগতির হার ৩০%। এছাড়াও তাঁর দপ্তরের অন্যান্য কাজ সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। | | | |
| ৩.১৪ | উপজেলা সমবায় দপ্তর, গোদাগাড়ী, রাজশাহী | উপজেলা সমবায় অফিসার, গোদাগাড়ী, রাজশাহী সভায় জানান যে, বিভাগীয় প্রাথমিক সমবায় সমিতিগুলো তাঁর দপ্তরের মাধ্যমে নিবন্ধন করা হয়। বর্তমানে নিবন্ধনকৃত সমিতির সংখ্যা-৩৫০টি। উল্লেখ্য মৎস্যজীবি সমিতি-৪০টি, মৎস্যচাষী সমিতি-১৮৩টি, যুব সমিতি-০২টি, বহুমুখী সমিতি-১০টি, সঞ্চয় ও ঋণদাণ সমিতি-১৫টি, ক্রেডিট ইউনিয়ন-০২টি, ক্রেডিট সোসাইটি-০১টি, শ্রমিক-০৩টি, পরিবহণ ০৩টি, ভোগ্যপণ্য সমিতি-০৪টি, পানি ব্যবস্থাপনা সমিতি-০৪টি, আশ্রয়ণ সমিতি-০৪টি, কৃষি সমিতি ০৬টি, ব্যবসায়ী/বণিক সমিতি-০৩টি, মুক্তিযোদ্ধা সমিতি-০১টি, মহিলা সমিতি-০৮টি, সার্বিক গ্রাম উন্নয়ন-২১, ক্ষুদ্র নৃ-তাত্বিক সমিতি-১০টি, সিআইজি ২৭টি অন্যান্য-০৩টি। তন্মধ্যে কার্যকর সমিতির সংখ্যা-৩৩৭টি ও অকার্যকর সমিতির সংখ্যা-০৭টি রয়েছে। উল্লিখিত সমিতি গুলির বার্ষিক অডিট সম্পাদন করা হয়। ২০১৯-২০২০ সালের অডিট যোগ্য ৩২৭টি সমিতির মধ্যে মার্চ/ ২০২১ মাস পর্যন্ত ৩২৭টি সমিতির অডিট কাজ সম্পুন্ন হয়েছে। ২০১৮-১৯ সালের অডিট নোটের বিত্তিতে অডিট ফি বাবদ- ১,৩৯,৪৮০/- টাকা ধার্য্য হয়েছে। বর্তমান মাস পর্যন্ত ১,৩৯,৪৮০/- টাকা আদায়পূর্বক সরকারি সংশ্লিষ্ট কোষাগারে জমা করা হয়েছে এবং সমবায় উন্নয়ন তহবিল বাবদ ধার্য্য ছিল ৯০,৪৮২/- টাকা। বর্তমানে মাস পর্যন্ত ৯০,৪৮২/- টাকা আদায়পূর্বক সরকারি কোষাগারে সংশ্লিষ্ট জমা করা হয়েছে। এছাড়াও এই উপজেলায় সমবায় বিভাগ থেকে ০২ টি আশ্রয়ণ প্রকল্পে কাজ হাতে নেয়া হয়েছে। প্রকল্প গুলির ০১টি "সুবিধা বঞ্চিত মহিলাদের জীবন যাত্রার মান উন্নয়ন" প্রকল্পে ০২টি সমিতি নিবন্ধন হয়েছে। ০২টি হচ্ছে ক্ষুদ্র "নূ-তাত্বিক জনগোষ্ঠীরজীবন যাত্রার উন্নয়ন" প্রকল্পের ১০টি সমিতির মধ্যে ১০টি নিবন্ধন সম্পন্ন হয়েছে। ইতোমধ্যে সুবিধাভোগীদের প্রশিক্ষণ প্রদান কার্যক্রম অব্যাহত আছে। সুবিধা বঞ্চিত মহিলাদের জীবন যাত্রার মান উন্নয়ন প্রকল্পের আওতায় ০২টি সমিতির মধ্যে ২০০জন সদস্য রয়েছে তার মধ্যে ২০০জন সদস্যদের মধ্যে ১,২০,০০০/- করে মোট ২,৪০,০০০০০/- টাকা ঋণ বিতরণ করা হয়েছে। ঋণের আসল আদায় ১,০৭,২২,২২০/- টাকা ও সার্ভিস চার্জ আদায় ৬,৩২,০০০/- টাকা "নৃ-তাত্বিক জনগোষ্ঠীর জীবন যাত্রার উন্নয়ন" প্রকল্পের সুবিধাভোগীদের ১০টি সমিতির মাঝে ২৫২জন সদস্যের মধ্যে ৩৫,৯৪,৩০০/- টাকা ঋণের চেক বিতরণ করা হয়েছে। ঋণের আসল আদায়ের পরিমাণ ২২,৭৫,৭৬১/- টাকা, সার্ভিস চার্জ আদায় ৭৭,৮১৭/- টাকা। ১০টি সমবায় সমিতির সঞ্চয় আদায়ের পরিমাণ ৪,৯১,১৫০/- টাকা শেয়ার পরিমাণ ২০,০০০/- টাকা। আশ্রয়ণ প্রকল্পের ঋণ বিতরণ ও আদায় তথ্য নিম্নরুপ ঃ (১) বলিয়াডাইং আশ্রয়ণ (ফেজ-২) প্রকল্পে ঋণ বিতরণ-৯,৫৫,০০০/- টাকা, আদায়কৃত ৮,০২,৬৪৫/-টাকা, আদায়যোগ্য ঋণ-৯,৫৫০০০/- টাকা, আদায়ের হার-৮৪% (২) দেওপাড়া আশ্রয়ণ (ফেজ-২) প্রকল্পে ঋণ বিতরণ-৬,০৫,০০০/-টাকা, আদায়কৃত ঋণ-৬,০৮,২৭০/- টাকা, আদায়যোগ্য ঋণ-৬,০৫,০০০/-টাকা, আদায়ের হার-১০০% (৩) আগোলপুর আশ্রয়ণ (ফেজ-২) প্রকল্পে ঋণ বিতরণ-৩,১০,০০০/-টাকা, আদায়কৃত ঋণ-২,৩৮,২৬০/- টাকা, আদায়যোগ্য ঋণ-৩,১০,০০০/-টাকা, আদায়ের হার-৭৭% এবং (৪) কামদেবপুর আশ্রয়ণ (ফেজ-২) প্রকল্পে ঋণ বিতরণ-৬,০০,৫০০/-টাকা, আদায়কৃত ঋণ-৪,৯৮,৭৫৮/- টাকা, আদায়যোগ্য ঋণ-৬,০০,৫০০/- টাকা, আদায়ের হার-৮৩%। আশ্রয়ণ প্রকল্পের কার্যক্রম তদারকি ও ঋণ আদায় কার্যক্রম অব্যাহত রয়েছে। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১,২ ও ৮ নম্বর | আশ্রয়ণ প্রকল্পের কার্যক্রম তদারকিসহ ঋণ বিতরণ ও ঋণ আদায়ের ক্ষেত্রে যেন কোন অনিয়ম পরিলক্ষিত না হয় সে বিষয়ে সর্তক দৃষ্টি রাখাসহ ঋণের আদায়ের হার বাড়ানোর বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা সমবায় কর্মকর্তা, গোদাগাড়ী, রাজশাহী |
| ৩.১৫ | উপজেলা পল্লী উন্নয়ন দপ্তর, গোদাগাড়ী, রাজশাহী | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, গোদাগাড়ী, রাজশাহী সভায় জানান যে, বিআরডিবি অন্যতম বৃহৎ ক্ষুদ্র ঋণ প্রদানকারী সরকারি প্রতিষ্ঠান। জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর লালিত স্বপ্ন সোনার বাংলা গড়ার প্রত্যয় নিয়ে এ প্রতিষ্ঠানটি গ্রামীণ পিছিয়ে পড়া জনগোষ্ঠীর আর্থ সামাজিক উন্নয়নে ঋণ কার্যক্রম সহ ট্রেডভিত্তিক প্রশিক্ষণ প্রদান করে থাকে। এই দপ্তরের অধীনে রেজিষ্ট্রেশন ভূক্ত সমবায় সমিতির সংখ্যা ২১১টি। এছাড়া বীরমুক্তিযোদ্ধা ও তাঁর পোষ্যদের জন্য প্রশিক্ষণ এবং আত্মকর্মসংস্থান কর্মসূচী, মহিলা উন্নয়ন অনুবিভাগ কর্মসূচী, কৃষক সমবায় সমিতি লিঃ, সদাবিক কর্মসূচি, পল্লী প্রগতি কর্মসূচি, আদর্শ গ্রাম-২ প্রকল্প, গুচ্ছ গ্রাম প্রকল্প, পিআরডিপি-৩ প্রকল্প ও 'দারিদ্র বিমোচনের লক্ষ্যে পুষ্টি সমৃদ্ধ উচ্চ মূল্যের অপ্রধান শস্য উৎপাদন ও বাজারজাতকরণ কর্মসুচি'র আওতায় পুঁজিগঠন ও আয়বর্ধন মূলক কর্মকান্ডে প্রশিক্ষণ প্রদান করা হয় এবং এ প্রকল্পের আওতায় ৫৭০টি পরিবার খানা জরিপ ও ২১ টি দল ইতিমধ্যে গঠন করা হয়েছে। ২০২১-২০২২ অর্থবছরে আরো ৯ টি দল গঠনের লক্ষ্যমাত্রা রয়েছে। এর মধ্যে ৪ টি দলগঠনের কার্যক্রম চলমান রয়েছে। আলোচ্য মাসে কোন দল গঠিত হয়নি। ২০২১-২২ অর্থ বছরে অত্র দপ্তরের ৪৪০ জনকে প্রশিক্ষণের | ১ নম্বর | তাঁর দপ্তরের সকল কার্যাদি সুষ্ঠুভাবে সম্পন্ন করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, গোদাগাড়ী, রাজশাহী |

| ক্রমিক | বিভাগ | আলোচনা | এসডিজি এর লক্ষ্যমাত্রা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|---|
| | | লক্ষ্যমাত্রা ধার্য্য করা হয়েছে। আলোচ্য মাসে কোন প্রশিক্ষণ প্রদান করা হয়নি। ২০২১-২২ অর্থ বছরে ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা ৩ কোটি ৭৭ লক্ষ ৫০ হাজার টাকা। এর বিপরীতে অত্র দপ্তর থেকে ২০২১-২২ অর্থবছরে ৫৮.৬৬ লক্ষ টাকা ঋণ বিতরণ করা হয়েছে। আলোচ্য সেপ্টেম্বর/২০২১ মাসে ২০.১৬ লক্ষ টাকা ঋণ বিতরণ করা হয়েছে। মোট ঋণ আদায় হয়েছে ২২.৯৭ লক্ষ টাকা। আদর্শ গ্রাম-২ প্রকল্প হতে ৪.১১ লক্ষ টাকা ঋণ বিতরণ করা হয়েছে। গুচ্ছগ্রাম প্রকল্পে ঋণ বিতরণ নাই। অপ্রধান শস্য কর্মসুচিতে বাৎসরিক ঋণ বিতরণ হয়েছে ১১.৮৫ লক্ষ টাকা।<br>পিআরডিপি-৩ প্রকল্পের আওতায় বর্তমানে রিশিকুল ও গোদাগাড়ী ইউনিয়নে কার্যক্রম চালু আছে। ২০২১-২২ অর্থ বছরে ০২ (দুই) টি স্কিম বাস্তবায়নের বাজেট পাওয়া গিয়েছে। ২০২১-২০২২ অর্থবছরে কোভিড-১৯ প্রণোদনা ঋণ তহবিল বাবদ ১৩৭.০০ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া গেছে। তন্মধ্যে সেপ্টেম্বর/২১ মাসে ৯৩ জন সদস্যের বিপরীতে ১০৯.০০ লক্ষ টাকা ঋণ বিতরণ করা হয়েছে। এছাড়া দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান আছে। | | | |
| ৩.১৬ | **উপজেলা সামাজিক বন ও নার্সারি বিভাগ, গোদাগাড়ী, রাজশাহী** | উপজেলা বন কর্মকর্তা, গোদাগাড়ী, রাজশাহী সভায় জানান যে, গোদাগাড়ী উপজেলায় ২০২০-২০২১ অর্থ বিক্রয়ের জন্য ফলজ, বনজ ও ঔষধি ৫,০০০টি চারা উত্তোলন করা হয়েছে এবং পদ্মার নির্মল চরে ১০.০০ হেক্টর বাগান সৃজনের কাজ সম্পন্ন হয়েছে। এছাড়াও মোহনপুর ইউনিয়নের ঝিকড়া ও মুরহট্ট মৌজায় ৫.০ কিঃমিঃ স্ট্রীপ বাগান সৃজনের কাজ সম্পন্ন হয়েছে এছাড়াও তার দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১৫ নম্বর | তাঁর দপ্তরের সকল কার্যাদি সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পাদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা বন কর্মকর্তা, গোদাগাড়ী, রাজশাহী |
| ৩.১৭ | বিদ্যুৎ বিভাগ (নেসকো লিঃ), গোদাগাড়ী, রাজশাহী | নির্বাহী প্রকৌশলী, বিক্রয় ও বিতরণ বিভাগ, নেসকো লিঃ, গোদাগাড়ী, রাজশাহী দপ্তরের আওতাধীন বিদ্যুৎ বিতরণ ব্যবস্থা উন্নয়ন প্রকল্প, বিউবো কর্তৃক গোদাগাড়ীতে ৩৩/১১ কেভি **২x১০** এমভিএ রেগুলার টাইপ উপকেন্দ্রের কাজ শেষে ০১ অক্টোবর/২০২১ তারিখে উপকেন্দ্রটি চালু করা হয়েছে। চর আষাড়িয়াদহ (পদ্মা নদীর ওপার) এলাকায় সোলার হোম সিষ্টেম এর মাধ্যমে নেসকো লিঃ এর নিজস্ব অর্থায়নে বিদ্যুতায়নের মাধ্যমে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ঘোষিত শতভাগ বিদ্যুতায়নের কাজ সম্পন্ন হয়েছে। বর্তমানে নেসকো লিঃ এর নিজস্ব প্রকল্পের মাধ্যমে নন-ষ্ট্যান্ডার্ড ও ঝুকিপূর্ণ লাইন সমূহের রিনোভেশন কাজ চলমান আছে। তাছাড়া ওয়ান স্টপ সার্ভিস সেন্টার এর মাধ্যমে স্বল্প সময়ে ঝামেলামুক্তভাবে বিদ্যুতের নতুন সংযোগ প্রদান কার্যক্রম অব্যাহত রয়েছে। এছাড়াও দাপ্তরিক কর্মকান্ড সুষ্ঠভাবে সম্পন্ন করা হচ্ছে। | ৭ নম্বর | বিদ্যুৎ সংযোগ বিতরণ ও নবায়নের ক্ষেত্রে যেন কোন অনিয়ম পরিলক্ষিত না হয়, সে বিষয়ে সজাগ দৃষ্টি রাখার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। | নির্বাহী প্রকৌশলী, বিক্রয় ও বিতরণ বিভাগ, গোদাগাড়ী, নেসকো লিঃ, রাজশাহী |
| ৩.১৮ | পল্লী বিদ্যুৎ সমিতি, কাকনহাট জোনাল অফিস, গোদাগাড়ী, রাজশাহী | ডেপুটি জেনারেল ম্যানেজার, কাকনহাট জোনাল অফিস, গোদাগাড়ী, রাজশাহী সভায় জানান যে, স্বাস্থ্য সুরক্ষা নিশ্চিতকরনের মাধ্যমে জাতির পিতার জন্মশতবার্ষিকীতে বিজয়ের মাসে মুজিব বর্ষ পল্লী বিদ্যুতের সেবাবর্ষ হিসেবে শতভাগ বিদ্যুৎ পাওয়া নিশ্চিত করার লক্ষ্যে নতুনভাবে গড়ে উঠা বাড়ি/ঘর, সরকারি খাস জায়গায় লাইন নির্মাণপূর্বক মুজিব শতবর্ষে বিদ্যুৎ সংযোগের কার্যক্রম চলমান আছে। নিরবিচ্ছিন্নভাবে বিদ্যুৎ সরবরাহ নিশ্চিতকরনের সাথে সাথে স্বাস্থ্য সুরক্ষা নিশ্চিত করত ভাংগাখুটি/দুর্বল খুটি পরিবর্তন, পোল সোজাকরণ, কাট আউট পরিবর্তন, ট্রান্সফরমার সঠিকমানের ফিউজ স্থাপনসহ সকল জরুরি কাজ চলমান আছে। "মুজিব বর্ষ" পল্লী বিদ্যুতের সেবা বর্ষ হিসাবে প্রতিপালনের জন্য আলোর ফেরিওয়ালা, উঠান বৈঠক এবং গনশুনানী কর্মসূচির মাধ্যমে গ্রাহক সেবার মান উন্নয়নকরণের লক্ষে প্রান্তিক পর্যায়ে কার্যক্রম চলমান আছে। সেপ্টেম্বর/২০২১ মাসে সাবমারসিবল (এলটি-এ) ৫০৭, বানিজ্যিক (এলটি-ই) ২৮, দাতব্য প্রতিষ্ঠান (এলটি-ডি-১) ০৬টি, ক্ষুদ্র শিল্প (এলটি-সি-১) ১১টি, পানির পাম্প ০৭ টিসহ মোট ৫৫৯ জন গ্রাহককে বিদ্যুৎ সংযোগ প্রদান করা হয়েছে। গ্রাহক সেবার স্বার্থে বিভিন্ন সাইজের ১৮টি নষ্ট ট্রান্সফরমার দ্রুততম সময়ে পরিবর্তন করে বিদ্যুৎ সরবরাহ সচল রাখা হয়েছে। ট্রান্সফরমার চুরিরোধ কল্পে উঠান বৈঠক, গণশুনানী ও মাইকিং এর মাধ্যমে গ্রাহকদের সচেতন করা হচ্ছে। তাছাড়া জনপ্রতিনিধি, উপজেলা প্রশাসন, আইন-শৃংখলা বাহিনীকে বিষয়টি অবহিতকরণসহ চুরি বন্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। মুজিববর্ষ উপলক্ষ্যে শিল্পক্ষেত্রে বিশেষ সুবিধা প্রদান স্বরুপ ৫০মিঃ লোড পর্যন্ত বিনামূল্যে ট্রান্সফরমার সরবরাহ/০২স্পান পর্যন্ত লাইন নির্মানপূর্বক ১১টি শিল্প সংযোগ প্রদান করা হয়েছে এছাড়াও পল্লী বিদ্যুতায়ন সিস্টেমের অপারেশন ও রক্ষনাবেক্ষণের সকল কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন হচ্ছে। | ৭ নম্বর | গ্রাহক পর্যায়ে সেবার মান বৃদ্ধিসহ কোন ব্যক্তি যেন হয়রানির স্বীকার না হয় সে বিষয় সজাগ দৃষ্টি রাখার সিদ্ধান্ত গৃহীত হলো। | ডেপুটি জেনারেল ম্যানেজার, কাকনহাট জোনাল অফিস, গোদাগাড়ী, রাজশাহী |
| ৩.১৯ | বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ (বিএমডিএ), গোদাগাড়ী জোন-১, | সহকারী প্রকৌশলী, বিএমডিএ, গোদাগাড়ী জোন-১, গোদাগাড়ী সভায় জানান যে, গোদাগাড়ী জোন-১ আওতায় ৩৮৪টি গভীর নলকুপ চালু রয়েছে। এছাড়া সেচ কার্যক্রমে ৩৬টি বিদ্যুৎ চালিত এলএলপি ও ২৪টি সোলার পাম্প চালিত মোট ৬০টি এলএলপি চালু রয়েছে। এ সকল সেচ যন্ত্র দ্বারা আমন মৌসুমে প্রায় ১০৭৮৫ হেক্টর জমিতে সেচ প্রদান সুষ্ঠভাবে চলছে এবং সকল সকল সেচযন্ত্র সচল রাখা হয়েছে। মুজিব শতবর্ষ উপলক্ষ্যে ১০০টি ফলদ বৃক্ষ বিনামূল্যে প্রদানের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এছাড়া | ১,২,৮,৯ ও ১১ নম্বর | তাঁর দপ্তরের সকল কার্যাদি সুষ্ঠভাবে সম্পন্ন করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। | সহকারী প্রকৌশলী, বিএমডিএ, গোদাগাড়ী জোন-১, |

| ক্রমিক | বিভাগ | আলোচনা | এসডিজি এর লক্ষ্যমাত্রা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|---|
| | রাজশাহী | বরেন্দ্র একালায় উচ্চমূল্য অপচলিত ফল ও ঔষধি ফসল চাষাবাদ জনপ্রিয়করণ প্রকল্পের আওতায় কৃষকদের মাঝে বিনামূল্যে বিভিন্ন প্রজাতির ৮০০০টি চারা বিতরণ করা হয়েছে। বর্তমানে ৫২ টি গভীর নলকূপে স্থাপিত খাবার পানি সরবরাহ স্থাপনার মাধ্যমে সুপেয় খাবার পানি সরবরাহ করা হচ্ছে। এছাড়াও দাপ্তরিক অন্যান্য কাজ সুষ্ঠুভাবে চলছে। | | | রাজশাহী |
| ৩.২০ | বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ (বিএমডিএ), কাকনহাট জোন-২, রাজশাহী | সহকারী প্রকৌশলী, বিএমডিএ, কাকনহাট জোন-২ এর প্রতিনিধি সভায় জানান যে, গোদাগাড়ী জোন-২ আওতায় ৩৩০টি গভীর নলকূপ চালু রয়েছে। এ সকল সেচযন্ত্র দ্বারা চলতি আমন, আউশ ও রবি মৌসুমে ১২৫০৭ হেক্টর আমনসহ অন্যান্য ফসলের জমিতে সেচ প্রদান করা হচ্ছে আউস কতৃন ও মাড়ায় শুরু হয়েছে সাথে সাথে গভীর নলকুপ হতে সেচ নিয়ে টমেটো রোপন শুরু হয়েছে সেচচার্জ আদায় হয়েছে ৬৯,৮৬,৪০০/- টাকা, বর্তমানে ৭৮টি গভীর নলকূপে স্থাপিত খাবার পানি সরবরাহ স্থাপনার মাধ্যমে প্রায় ২৭৩০০ জন উপকারভোগীদের সুপেয় খাবার পানি সরবরাহ করা হচ্ছে। করোনা দুর্যোগ মোকাবেলায় প্রণোদনা বাবদ ২০,৭৩,৪৩৭,০০/- টাকা কৃষকদের সেচ প্রনোদনার কার্যক্রম সম্পন্ন হয়েছে। "পুকুর পুনঃখনন ও ভূ-পরিস্থ পানি উন্নয়নের মাধ্যমে ক্ষুদ্র সেচে ব্যবহার" শীর্ষক প্রকল্পের আওতায় এ জোনের অধীনে ৪১টি খাস মজা পুকুর পুনঃ খনন কাজ শুরু হবে চলতি বছরে ২০টি পুকুর পূনঃখননের লক্ষ্যমাত্রা রয়েছে। ডিপিপি তালিকাভূক্ত অনেক পুকুর উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি ইজারা প্রদান করেছে বিধায় সে সকল পুকুর পুনঃ খননের জন্য উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সহযোগিতা প্রয়োজন। ইতোমধ্যে ০৭টি পুকুর পুনঃ খনন কার্যক্রম সম্পন্ন হয়েছে বর্তমানে অন্যান্য পুকুর গুলি খননের জন্য সার্ভে কাজ চলিতেছে। ডিপিপি তালিকাভূক্ত অনেক পুকুর উপজেলা পরিষদ থেকে ইজারা প্রদান করা হয়েছে। সে সকল পুকুর পুনঃ খননের জন্য ইজারার বিষয়ে ও পুনঃ খননে উপজেলা প্রশাসনের সহযোগিতা প্রয়োজন। মুজিববর্ষ উপলক্ষে ১০০টি ফলদ, বনজ, ঔষধি ও মসলার বৃক্ষ রোপন করা হয়েছে। চলতি রবি মৌসুমে আবাদের লক্ষ্যে উন্নতমানের ১২.৮ মেঃটন এবং ৭.০০ মেঃটন গমবীজ সুলভমূল্যে কৃষকদের মধ্যে সরবারাহ করার কাজ সমাপ্ত হযেছে। চলতি আমন মৌসুমে এপর্যন্ত ৭৮১০ হেক্টর জমিতে আমন ধান রোপন করা হয়েছে এবং আউস ধানের আবাদ শেষে টমেটো চাষ শুরু রবি ফসল উৎপাদন কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে। বরেন্দ্র এলাকায় উচ্চ মূল্য অপ্রচলিত ফল ও ঔষধি গাছ ও ফসল চাষাবাদ জনপ্রিয় করণ প্রকল্পের আওতায় চারা, বীজ বিতরণ ও প্রদর্শনী প্লট স্থাপন কার্যক্রম চলমান রয়েছে। | ১,২,৮,৯ ও ১১ নম্বর | তাঁর দপ্তরের সকল কার্যাদি সুষ্ঠুভাবে সম্পন্ন করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। | সহকারী প্রকৌশলী, বিএমডিএ, কাকনহাট জোন-২, রাজশাহী |
| ৩.২১ | উপজেলা পরিসংখ্যান অফিস, গোদাগাড়ী, রাজশাহী | পরিসংখ্যান কর্মকর্তা, গোদাগাড়ী, রাজশাহী সভায় জানান যে, অক্টোবর/২০২১ মাসে আউশ ফসলের নমুনা কর্তন, পাট ফসলের মূল্য ও উৎপাদন খরচ জরিপ, আমন ফসলের পূর্বাভাস জরিপ (২য় অংশ) এবং দাগগুচ্ছ (৪র্থ পর্ব) পরিচালনা করা হয়। "দারিদ্র পরিস্থিতি পরিমাপে র‌্যাপিড (RSPA) ২০২১" এর মাধ্যমে জনগণের জীবনযাত্রার মান নিরুপনের জন্য মাঠ পর্যায়ের তথ্য সংগ্রহ কার্যক্রম সম্পন্ন করা হয়। Monitoring the Situation of Vital Statistics of Bangladesh (MSVSB) প্রকল্পের ১১টি তফসিল এর মাধ্যমে জন্ম, মৃত্যু, বিবাহ, তালাক, আগমন, বহির্গমন ইত্যাদি জনতাত্ত্বিক তথ্য গোদাগাড়ী উপজেলার ০৪টি নমূনা এলাকায় প্রতি মাসে নিয়মিতভাবে সংগ্রহ করা হচ্ছে। মাসিক কৃষি মজুরীর তথ্য সংগ্রহ করে জেলা পরিসংখ্যান কার্যালয়, রাজশাহীতে প্রেরণ করা হয়। এছাড়া অন্যান্য ভাদাই দানা, ভাদই গো-খাদ্য, পানিফল, খরিপ মিষ্টিকুমড়া, বরবটি, কাঁচা কলা, সুপারি, অন্যান্য খরিপ ভাল এবং আউশ ফসলের আনুমানিক হিসাবে জেলা পরিসংখ্যান কার্যালয়, রাজশাহীতে প্রেরণ করা হয়। এছাড়াও তার দপ্তরের অন্যান্য কাজ সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। | ১৭ নম্বর | তাঁর দপ্তরের সকল কার্যাদি সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালনা করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা পরিসংখ্যান অফিসার, গোদাগাড়ী, রাজশাহী |
| ৩.২২ | উপজেলা নির্বাচন অফিস, গোদাগাড়ী, রাজশাহী | উপজেলা নির্বাচন অফিসার, গোদাগাড়ী, রাজশাহী সভায় জানান যে, আগামী ১১ নভেম্বর-২০২১ তারিখে উপজেলার ০৯টি ইউনিয়ন পরিষদের সাধারণ নির্বাচন অনুষ্ঠিত হবে। সেই লক্ষে কার্যক্রম চলমান রয়েছে। এছাড়াও অত্র দপ্তর হতে অনলাইনে জাতীয় পরিচয়পত্র সংশোধন ও হারানো আবেদন গ্রহণ-১৫টি, জাতীয় পরিচয়পত্রের অনলাইন নকল কপি প্রদান-০৭টি, পেপার লেমিনেটিড কার্ড বিতরণ ও ৩৮টি স্মার্ট কার্ড অফিস হতে বিতরণ করা হয়েছে-৩৫টি। এছাড়াও তাঁর দপ্তরের সকল কাজ সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে কোন সমস্যা নাই। | ১৭ নম্বর | তাঁর দপ্তরের সকল কার্যাদি সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালনা করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা নির্বাচন অফিসার, গোদাগাড়ী, রাজশাহী |
| ৩.২৩ | উপজেলা খাদ্য বিভাগ, গোদাগাড়ী, রাজশাহী | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, গোদাগাড়ী, রাজশাহী সভায় জানান যে, ভিজিডি খাতে ৭৯.২৬০ মে:টন চাল সরবরাহ করা হয়েছে। ভিজিএফ খাতে ৯টি ইউনিয়নে ১৮৮.৮১০ মে:টন চাল সরবরাহ করা হয়েছে এবং ২টি পৌরসভায় ৯২.৪২০ মে:টন চাল সরবরাহ করা হয়েছে। গোদাগাড়ী এলএসডিতে মোট মজুদকৃত চাল ২২৩৫.৬৫৮ মেঃ টন ও খেতুর রোড এলএসডিতে মোট মজুদকৃত চালু ৪১.০৩৩ মেঃ টন। এছাড়াও দাপ্তরিক অন্যান্য কাজ সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | ২ নম্বর | তাঁর দপ্তরের কার্যাদি সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালনা করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, গোদাগাড়ী, রাজশাহী |

| ক্রমিক | বিভাগ | আলোচনা | এসডিজি এর লক্ষ্যমাত্রা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|---|
| ৩.২৪ | গোদাগাড়ী ৩১ শয্যা বিশিষ্ট হাসপাতাল, গোদাগাড়ী, রাজশাহী | স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, গোদাগাড়ী, রাজশাহীর প্রতিনিধি সভায় জানান যে, গোদাগাড়ী ৩১ শয্যা বিশিষ্ট হাসপাতালে অক্টোবর/২০২১ মাসে বহি: বিভাগে আগত মোট ২২৯৪ জন রোগীকে স্বাস্থ্য সেবা প্রদান করা হয়েছে। এছাড়াও জরুরি বিভাগে মোট ৪৩১ জন রোগীকে স্বাস্থ্য সেবা প্রদান করা হয়েছে এবং উন্নত চিকিৎসা সেবার জন্য ১৩ জনকে রেফার্ড করা হয়েছে। এছাড়াও "আন্তঃ বিভাগে চিকিৎসা" ভর্তি রোগী ১৬৭, রেফার্ড রোগী-১৮, মোট- ১৪৯ জন, এএনসি-৪৬, পিএসসি ২৫, প্রসূতি রোগী ৩৮ এবং ১৮২ জনকে প্রাথমিক স্বাস্থ্য সেবা প্রদান করা হয়েছে। জরুরী বিভাগ এবং আন্তঃ বিভাগ এর মোট রেফার্ড রোগীর সংখ্যা ১৮ জন। বর্তমানে এই হাসপাতালে ব্যবহৃত এ্যাম্বুলেন্সটি ২১ বছরের অধিক পুরাতন হওয়ায় এবং ইঞ্জিনের কার্য ক্ষমতা হ্রাস পাওয়ায় রোগী পরিবহনের সময় অকেজো হয়ে যায়। ফলে একদিকে যেমন রোগীর প্রাণহানির আশংকা থাকে, অন্যদিকে কর্তৃপক্ষকে জবাবদিহিতামূলক বিড়ম্বনায় পড়তে হয়। এমতাবস্থায়, একটি নতুন এ্যাম্বুলেন্স প্রয়োজন। "স্বাস্থ্য মন্ত্রণালয়ের আদেশক্রমে এই স্বাস্থ্য কমপ্লেক্সে করোনা ভাইরাস আইসোলেশন ওয়ার্ড স্থাপন করা হয়েছে। "মুজিব বর্ষ উদযাপন উপলক্ষে রাজশাহী জেলার স্বাস্থ্য বিভাগ কর্তৃক গৃহীত বিভিন্ন পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। এছাড়াও তাঁর দপ্তরের কাজ চলমান রয়েছে। | ৩ নম্বর | হাসপাতালে চিকিৎসা নিতে আসা কোন রোগী যেন চিকিৎসা সেবা হতে বঞ্চিত না হয় সে বিষয় সজাগ দৃষ্টি রাখার সিদ্ধান্ত গৃহীত হলো। | স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ৩১ শয্যা বিশিষ্ট হাসপাতাল, গোদাগাড়ী, রাজশাহী |
| ৩.২৫ | ইসলামিক ফাউন্ডেশন, গোদাগাড়ী, রাজশাহী | ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, গোদাগাড়ী, রাজশাহী সভায় জানান যে, গোদাগাড়ী উপজেলায় মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম, প্রাক-প্রাথমিক শিক্ষা কেন্দ্র-৬৬টি, মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম, সহজ কুরআন শিক্ষা কেন্দ্র-৯৫টি, মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম, বয়স্ক শিক্ষা কেন্দ্র-০১টি, মডেল রিসোর্স সেন্টার-০১টি, সাধারণ রিসোর্স সেন্টার-০৬টি, মডেল মসজিদ পাঠাগার-০১টি এবং উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র -০১টি, করোনা ভাইরাসের সংক্রমণের কারণে আপাতত শিক্ষা কেন্দ্র সমূহ বন্ধ রয়েছে। এছাড়াও দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১৭ নম্বর | মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র নির্মাণ প্রকল্পের কাজ সুষ্ঠ ও সুন্দরভাবে সম্পন্ন করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। | ফিল্ড সুপারভাইজার ইসলামিক ফাউন্ডেশন, গোদাগাড়ী, রাজশাহী |
| ৩.২৬ | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, গোদাগাড়ী শাখা, রাজশাহী | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, গোদাগাড়ী শাখা, গোদাগাড়ী, রাজশাহী সভায় জানান যে, "পল্লী সঞ্চয় ব্যাংক" সরকারী বিশেষায়িত একটি ব্যাংক হিসাবে দারিদ্র বিমোচন এবং মাননীয় প্রধানমন্ত্রীর স্বপ্ন পূরনের লক্ষ্যে সফলতার সাথে কাজ করে যাচ্ছে। এ প্রকল্পের আওতায় ২০২১-২০২২ অর্থ বছরে ০২টি পৌরসভা ও ৯টি ইউনিয়নে মোট ১৭৭টি সমিতি গঠিত হয়। চলতি মাস পর্যন্ত এর উপকারভোগী সদস্য সংখ্যা ৭৯২৮জন। চলতি মাসে সঞ্চয় ৩,৭৩,০০০/- টাকা। এ পর্যন্ত ক্রমপুঞ্জিত সঞ্চয় ২,৮৮,১৯,০০০/- টাকা। ১৭৭টি সমিতির ৮৫৭৪ জন সদস্যের মধ্যে মোট ঋণ বিতরণ হয় ১২,০৬,২৯,০০০/- টাকা, মোট ঋণ আদায় হয় ৪,৭৩,৪২,০০০/-টাকা। ঋণ খেলাপীর পরিমাণ ২,০৪,৪০,০০০/- টাকা এবং সকল ইউনিয়নে সমিতি গঠনের কার্যক্রম অব্যাহত আছে। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১৭ নম্বর | খেলাপী ঋণ আদায়ের ব্যবস্থা গ্রহণসহ তাঁর দপ্তরের সকল কার্যাদি সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালনা করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প |
| ৩.২৭ | উপজেলা তথ্য কেন্দ্র, গোদাগাড়ী, রাজশাহী | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা, গোদাগাড়ী, রাজশাহী সভায় জানান যে, তথ্যকেন্দ্রে মোট সেবাগ্রহীতার সংখ্যা ৬২৭জন, ডোর টু ডোর সেবা গ্রহীতার সংখ্যা ২৯৩ জন। উঠান বৈঠক ২টি (৫০জন করে) বর্তমানে গ্রামীন সুবিধাবঞ্চিত নারীদেরকে তথ্যকেন্দ্রের মাধ্যমে গ্রামীন নারী উদ্যোক্তাদের ই-কমার্স প্লাটফর্মে অর্ন্তভূক্তির জন্য তাদের পণ্য ও সেবা দেশব্যাপী প্রসার ঘটানোর জন্য লাল সবুজ.কম এর কার্যক্রম শুরু হয়েছে। এ লক্ষ্যে উপজেলা তথ্যকেন্দ্রে মহিলা উদ্যোক্তাদের লালসবুজ.কম এ নিবন্ধন কার্যক্রম চলমান রয়েছে। এছাড়াও তার দপ্তরের সেবা প্রদান কার্যক্রম অব্যাহত রয়েছে। | ১৭ নম্বর | উপজেলা তথ্যকেন্দ্রের সেবা প্রদান কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা, গোদাগাড়ী, রাজশাহী |

## ৪. বিবিধ আলোচনা ঃ

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ৪.১ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোদাগাড়ী, রাজশাহী সভায় সেপ্টেম্বর/২০২১ পর্যন্ত তাঁর নিজসহ ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান এর ভ্রমণ ব্যয় বিল সভায় উপস্থাপন করে তা অনুমোদনসহ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য অনুরোধ জানান। | দাখিলকৃত ভ্রমণ ব্যয় বিলসমূহ সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদনের এবং উপজেলা রাজস্ব তহবিল হতে বিলের অর্থ পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা নির্বাহী অফিসার, গোদাগাড়ী, রাজশাহী |
| ৪.২ | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোদাগাড়ী, রাজশাহী সভায় সেপ্টেম্বর/২০২১ মাসের তাঁর নিজসহ মহিলা ভাইস চেয়ারম্যান এর সভাপতিত্বে গঠিত ১৭টি উপজেলা স্থায়ী কমিটির সভার আপ্যায়নের ব্যয় বাবদ বিল সভায় উপস্থাপন করে তা অনুমোদনসহ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ব্যয়িত ব্যয়োত্তর অনুমোদনের জন্য অনুরোধ জানান। | দাখিলকৃত ১৭টি উপজেলা স্থায়ী কমিটির সভার আপ্যায়ন ব্যয় বিলসমূহ সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদনের এবং উপজেলা রাজস্ব তহবিল হতে বিলের অর্থ পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হলো। | (১) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোদাগাড়ী, রাজশাহী<br>(২) উপজেলা নির্বাহী অফিসার, গোদাগাড়ী, রাজশাহী |

| | | | |
|---|---|---|---|
| ৪.৩ | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, গোদাগাড়ী, রাজশাহী সভায় জানান যে, জরুরীভিত্তিতে উপজেলা পরিষদের সৈকত ভবন মেরামত ও রং করা প্রয়োজন। উক্ত মেরামত ও রং করা বাবদ-২,০০,০০০/- (দুই লক্ষ) টাকার একটি প্রাক্কলন সভায় উপস্থাপন করেন। উক্ত প্রকল্পের কাজ বাস্তবায়নের জন্য সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নরুপভাবে একটি গঠন করা হলো।<br>(১) চেয়ারম্যান, গোদাগাড়ী ইউপি, গোদাগাড়ী-প্রকল্প সভাপতি<br>(২) উপজেলা সমাজসেবা অফিসার, গোদাগাড়ী-সদস্য<br>(৩) উপজেলা যুব উন্নয়ন অফিসার, গোদাগাড়ী-সদস্য<br>(৪) উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, গোদাগাড়ী-সদস্য<br>(৫) উপ-সহকারী প্রকৌশলী, এলজিইডি, গোদাগাড়ী-সদস্য-সচিব | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা প্রকৌশলী কর্তৃক উপস্থাপিত প্রকল্প ও গঠিত প্রকল্প কমিটি সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত এবং প্রাক্কলন মোতাবেক প্রকল্পের কাজ সমাপ্ত করার জন্য প্রকল্প সভাপতিকে অনুরোধ করা হলো। | (১) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোদাগাড়ী, রাজশাহী<br>(২) উপজেলা নির্বাহী অফিসার, গোদাগাড়ী, রাজশাহী<br>(৩) উপজেলা প্রকৌশলী, এলজিইডি, গোদাগাড়ী, রাজশাহী |
| ৪.৪ | হিসাব সহকারী, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, গোদাগাড়ী, রাজশাহী সভায় জানান যে, ৩০ সেপ্টেম্বর ২০২১ হতে ১৩ অক্টোবর ২০২১ তারিখ পর্যন্ত উপজেলা পরিষদের বিভিন্ন বাসা বাড়ীর ছোট-খাট মেরামত বাবদ ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা ব্যয় হয়েছে। তিনি ব্যয়িত উক্ত অর্থের ব্যয়োত্তর অনুমোদনের জন্য অনুরোধ জানান। | উপজেলা পরিষদের বিভিন্ন বাসা বাড়ীর ছোট-খাট মেরামত বাবদ ব্যয়িত ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা সভায় সর্বসম্মতি ক্রমে ব্যয়োত্তর অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। | (১) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোদাগাড়ী, রাজশাহী<br>(২) উপজেলা নির্বাহী অফিসার, গোদাগাড়ী, রাজশাহী |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপনপূর্বক সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ জাহাঙ্গীর আলম)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সাধারণ সভা
গোদাগাড়ী, রাজশাহী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
গোদাগাড়ী, রাজশাহী
Web: godagari.rajshahi.gov.bd

স্মারক নং- ০৫.৪৩.৮১.৩৪.০০০.১৩.০০১.২০২১-১৬১০(৫০)

তারিখ ঃ ৩০ কার্তিক ১৪২৮
১৫ নভেম্বর ২০২১

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো ঃ

০১। জনাব আলহাজ্ব ওমর ফারুক চৌধুরী, মাননীয় সংসদ সদস্য, ৫২, রাজশাহী-১, (গোদাগাড়ী-তানোর) মহোদয়ের সদয় অবগতির জন্য।
০২। সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
০৪। পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী বিভাগ, রাজশাহী।
০৫। জেলা প্রশাসক, রাজশাহী।
০৬। মেয়র, গোদাগাড়ী/কাঁকনহাট পৌরসভা, গোদাগাড়ী, রাজশাহী।
০৭। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোদাগাড়ী, রাজশাহী।
০৮। চেয়ারম্যান, ....................................... ইউনিয়ন পরিষদ, গোদাগাড়ী, রাজশাহী।
০৯। উপজেলা ..................................................................... অফিসার, গোদাগাড়ী, রাজশাহী।
১০। উপজেলা পরিষদের সংরক্ষিত আসনের মহিলা সদস্য, ০১, ০২, ০৩ ও ০৪ নং ওয়ার্ড, গোদাগাড়ী, রাজশাহী।
১১। ..............................................................................

১৫/১১/২০২১
(মোঃ জানে আলম)
উপজেলা নির্বাহী অফিসার
গোদাগাড়ী, রাজশাহী
টেলিফোন: ০২৪৭৮-৫৬০০৭(অফিস)
ই-মেইল নং-unogodagari@mopa.gov.bd

**১৪ অক্টোবর ২০২১ তারিখে অনুষ্ঠিত উপজেলা পরিষদের সভায় উপস্থিত সদস্যবৃন্দ পরিশিষ্ট-'ক' (স্বাক্ষরের ক্রমানুসারে) ঃ**

| ক্রঃ নং | নাম ও পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ০১. | জনাব মোঃ জাহাঙ্গীর আলম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোদাগাড়ী, রাজশাহী | স্বাক্ষরিত/- |
| ০২. | জনাব মোঃ জানে আলম, উপজেলা নির্বাহী অফিসার, গোদাগাড়ী, রাজশাহী | ” |
| ০৩. | মোসাঃ সুফিয়া খাতুন, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোদাগাড়ী, রাজশাহী | ” |
| ০৪. | জনাব মোঃ রুহুল আমিন, চেয়ারম্যান, গোদাগাড়ী ইউপি, গোদাগাড়ী, রাজশাহী | ” |
| ০৫. | জনাব মোঃ মোস্তফা হোসেন, চেয়ারম্যান, মোহনপুর ইউপি, গোদাগাড়ী, রাজশাহী | ” |
| ০৬. | জনাব মোঃ সানাউল্লাহ, চেয়ারম্যান, চর আষাড়িয়াদহ ইউপি, গোদাগাড়ী, রাজশাহী | ” |
| ০৭. | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, গোদাগাড়ী, রাজশাহী | ” |
| ০৮. | উপজেলা কৃষি অফিসার, গোদাগাড়ী, রাজশাহী | ” |
| ০৯. | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, গোদাগাড়ী, রাজশাহী | ” |
| ১০. | উপজেলা সমাজসেবা অফিসার, গোদাগাড়ী, রাজশাহী | ” |
| ১১. | উপজেলা শিক্ষা অফিসার (ভারপ্রাপ্ত), গোদাগাড়ী, রাজশাহী | ” |
| ১২. | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, গোদাগাড়ী, রাজশাহী | ” |
| ১৩. | অফিসার ইনচার্জ, গোদাগাড়ী মডেল থানা, গোদাগাড়ী, রাজশাহী | ” |
| ১৪. | নির্বাহী প্রকৌশলী, বিক্রয় ও বিতরণ বিভাগ, গোদাগাড়ী, নেসকো লিঃ, রাজশাহী | |
| ১৫. | ডেপুটি জেনারেল ম্যানেজার, কাঁকনহাট জোনাল অফিস, রাজশাহী পল্লী বিদ্যুৎ সমিতি, গোদাগাড়ী, রাজশাহী | ” |
| ১৬. | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, গোদাগাড়ী, রাজশাহী | ” |

| | | |
|---|---|---|
| ১৭. | উপজেলা যুব উন্নয়ন অফিসার, গোদাগাড়ী, রাজশাহী | ” |
| ১৮. | সহকারী প্রকৌশলী, বিএমডিএ, গোদাগাড়ী জোন-১, গোদাগাড়ী, রাজশাহী | ” |
| ১৯. | সহকারী প্রকৌশলী, বিএমডিএ, গোদাগাড়ী জোন-২, কাকনহাট, গোদাগাড়ী, রাজশাহী | ” |
| ২০. | সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, গোদাগাড়ী, রাজশাহী | ” |
| ২১. | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, গোদাগাড়ী, রাজশাহী | ” |
| ২২. | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, গোদাগাড়ী, রাজশাহী | ” |
| ২৩. | উপজেলা নির্বাচন অফিসার, গোদাগাড়ী, রাজশাহী | ” |
| ২৪. | উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যান কর্মকর্তা, ৩১ শয্যা হাসপাতাল, গোদাগাড়ী, রাজশাহী | ” |
| ২৫. | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, গোদাগাড়ী, রাজশাহী | ” |
| ২৬. | উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প, গোদাগাড়ী, রাজশাহী | ” |
| ২৭. | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা, গোদাগাড়ী, রাজশাহী | ” |
| ২৮. | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, গোদাগাড়ী শাখা, রাজশাহী | ” |

**১৪ অক্টোবর ২০২১ তারিখে অনুষ্ঠিত উপজেলা পরিষদের সভায় উপস্থিত প্রতিনিধিগণের তালিকা পরিশিষ্ট “খ” ঃ**

| | |
|---|---|
| ০১. | মেয়র, কাঁকনহাট পৌরসভা, গোদাগাড়ী, রাজশাহী |
| ০২. | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, গোদাগাড়ী, রাজশাহী |
| ০৩. | উপজেলা প্রকৌশলী, গোদাগাড়ী, রাজশাহী |
| ০৪. | উপজেলা ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, গোদাগাড়ী, রাজশাহী |

**১৪ অক্টোবর ২০২১ তারিখে অনুষ্ঠিত উপজেলা পরিষদের সভায় অনুপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট “গ” ঃ**

| | |
|---|---|
| ০১. | মেয়র, গোদাগাড়ী পৌরসভা, গোদাগাড়ী, রাজশাহী |
| ০২. | জনাব মোঃ আব্দুল মালেক, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোদাগাড়ী, রাজশাহী |
| ০৩. | পাকড়ী ইউপি, গোদাগাড়ী, রাজশাহী |
| ০৪. | জনাব মোঃ শহিদুল ইসলাম, চেয়ারম্যান, রিশিকুল ইউপি, গোদাগাড়ী, রাজশাহী |
| ০৫. | জনাব মোঃ মজিবর রহমান, চেয়ারম্যান, গোগ্রাম ইউপি, গোদাগাড়ী, রাজশাহী |
| ০৬. | জনাব মোঃ শহিদুল করিম, চেয়ারম্যান, মাটিকাটা ইউপি, গোদাগাড়ী, রাজশাহী |
| ০৭. | জনাব মোঃ হাবিবুর রহমান, চেয়ারম্যান, বাসুদেবপুর ইউপি, গোদাগাড়ী, রাজশাহী |
| ০৮. | চেয়ারম্যান, দেওপাড়া ইউপি, গোদাগাড়ী, রাজশাহী |
| ০৯. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, গোদাগাড়ী, রাজশাহী |
| ১০. | উপজেলা সমবায় অফিসার, গোদাগাড়ী, রাজশাহী |
| ১১. | উপজেলা বন কর্মকর্তা, উপজেলা সামাজিক নার্সারী ও বনায়ন কেন্দ্র, গোদাগাড়ী, রাজশাহী |
| ১২. | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, গোদাগাড়ী, রাজশাহী |
| ১৩. | মোছাঃ দিনা ইসলাম, উপজেলা পরিষদের সংরক্ষিত আসনের মহিলা সদস্য-০১, গোদাগাড়ী, রাজশাহী |
| ১৪. | মোসাঃ সালেহা খাতুন, উপজেলা পরিষদের সংরক্ষিত আসনের মহিলা সদস্য-০২, গোদাগাড়ী, রাজশাহী |
| ১৫. | মোসাঃ নুরজাহান বেগম, উপজেলা পরিষদের সংরক্ষিত আসনের মহিলা সদস্য-০৩, গোদাগাড়ী, রাজশাহী |
| ১৬. | মোসাঃ ইসমত আরা বেগম, উপজেলা পরিষদের সংরক্ষিত আসনের মহিলা সদস্য-০৪, গোদাগাড়ী, রাজশাহী |